



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন, লেভেল-০৫, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd



স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০৬.৯৯.০৩৬.২৪-২৬৮

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মালিকানাধীন ও ব্যবহৃত ভূমি এবং সহায়-সম্পত্তির হালনাগাদ তথ্য ও রেকর্ডপত্রাদি প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর প্রশাসন অনুবিভাগের অধীনে “এস্টেট এন্ড লিগ্যাল” শাখা ইতোমধ্যে চালু করা হয়েছে। উক্ত শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মালিকানাধীন ও ব্যবহৃত ভূমি এবং সহায়-সম্পত্তির হালনাগাদ তথ্য প্রয়োজন। তাছাড়াও ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মালিকানাধীন ও ব্যবহৃত ভূমি ও সহায়-সম্পত্তি সংক্রান্ত যেসকল প্যাকেজের/অংশের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে সেসকল ভূমি ও সহায়-সম্পদের রেকর্ডপত্রাদি “এস্টেট এন্ড লিগ্যাল” শাখায় সংরক্ষিত থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মালিকানাধীন ও ব্যবহৃত ভূমি এবং সহায়-সম্পত্তির হালনাগাদ তথ্য ও রেকর্ডপত্রাদি “এস্টেট এন্ড লিগ্যাল” শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। প্রকল্প পরিচালক (সকল)
এমআরটি লাইনস্

০২। পরিচালক (সকল)
ডিএমটিসিএল


(এ, কে, এম, খায়রুল আলম)

পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: ০১৭১২-৭১৪১৬৫
ই-মেইল:
directoradmin@dmtd.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১. কোম্পানি সচিব, ডিএমটিসিএল
২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএমটিসিএল (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি/মাস্টার কপি।